খ্রিষ্টীয় বিশ্বাস

পরীক্ষার উত্তরপত্র

shepherds
GLOBAL CLASSROOM

খ্রিষ্টীয় বিশ্বাস

পরীক্ষার উত্তরপত্র

shepherds
GLOBAL CLASSROOM

পাঠ ১
ঈশ্বরের পুস্তক

(১) সাধারণ প্রকাশ বা প্রত্যাদেশ কি?

সাধারণ প্রকাশ হল যা ঈশ্বর তাঁর সৃষ্টির মাধ্যমে নিজের সম্পর্কে আমাদের দেখিয়েছেন।

(২) কোন দুটি রূপে ঈশ্বর বিশেষ প্রকাশ বা প্রত্যাদেশ দিয়েছেন?

- অনুপ্রাণিত শাস্ত্র
- তাঁর পুত্র, যীশু

(৩) বিশেষ প্রকাশ কোন তিনটি কাজ করে যা সাধারণ প্রকাশ করতে পারে না?

- এটি ঈশ্বরকে বর্ণনা করে।
- এটি পতন ও পাপকে ব্যাখ্যা করে।
- এটি ঈশ্বরের সঙ্গে সম্মিলিত হওয়ার পথ দেখায়।

(৪) বাইবেল নিজের বিষয়ে কী দাবি করে?

এটি হল ঈশ্বরের বাক্য।

(৫) ছয়টি কারণের তালিকা করুন যে কারণে আমরা জানি যে বাইবেল হল ঈশ্বরের বাক্য।

- বাইবেলের হাজার হাজার তথ্য সুনিশ্চিত করা হয়েছে।
- বাইবেলের কোনো বিবৃতিই মিথ্যা প্রমাণিত হয় নি।
- বাইবেল স্ববিরোধী কিছু বলে না।
- প্রভাবের মাধ্যমে সুসমাচার প্রমাণিত হয়।
- ঈশ্বরের আত্মা বাইবেলের মাধ্যমে কথা বলেন।
- বাইবেল ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ককে পরিচালনা করে।

(৬) কেন বাইবেল শিক্ষা, তিরস্কার, সংশোধন এবং ধার্মিকতায় প্রশিক্ষণের জন্য উপযোগী বা লাভজনক? (২ তীমথিয় ৩:১৬)

কারণ এটি ঈশ্বরের দ্বারা অনুপ্রাণিত (“ঈশ্বর-নিশ্বাসিত”)।

(৭) বাইবেল অনুপ্রেরণার কি বর্ণনা দেয় যে কারণে আমারা আশ্বস্ত হতে পারি যে লেখকদের ভুল করা থেকে বিরত রাখা হয়েছিল?

তারা পবিত্র আত্মার দ্বারা পরিচালিত হয়েছিলেন (২ পিতর ১:২০-২১)।

(৮) ঈশ্বর ব্যবহৃত অনুপ্রেরণার চারটি পদ্ধতির তালিকা তৈরী করুন।

- শ্রবণযোগ্য কণ্ঠস্বর
- স্বপ্ন
- দর্শন
- সরাসরি নির্দেশ

(৯) এর অর্থ কি যে বাইবেল অনুপ্রাণিত?

এর অর্থ হল এটি সম্পূর্ণরূপে ঈশ্বরের বাক্য, এমনকি এতে ব্যবহৃত শব্দগুলি পর্যন্ত।

(১০) এর অর্থ কি যে বাইবেল অব্যর্থ?

- এটি 'বিফল হতে পারে না'।
- এটি বিশ্বাসযোগ্য।
- এটি কখনই আমাদেরকে বিপথে পরিচালিত করবে না।

(১১) এর অর্থ কি যে বাইবেল চির-অভ্রান্ত?

এর প্রতিটি বিবৃতিই সঠিক।

পাঠ ২
ঈশ্বরের বৈশিষ্ট্যসকল

(১) একজন ব্যক্তির সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য কী?

ঈশ্বর সম্পর্কে তার ধারণা

(২) শাস্ত্রের প্রথম শিক্ষাটি কী?

ঈশ্বর সমস্ত কিছুর সৃষ্টিকর্তা।

(৩) প্রতিটি বিবৃতির সাথে মেলে এমন ঈশ্বরের বৈশিষ্ট্যের নাম লিখুন:

- ঈশ্বর কেমন দেখতে তা আমরা বর্ণনা করতে পারি না : *আত্মা*
- ঈশ্বর চিরকালই আছেন : *অনন্ত*
- ঈশ্বরের বুদ্ধি, অনুভূতি এবং ইচ্ছা আছে : *ব্যক্তিবাচক*
- ঈশ্বর সর্বদা একই আছেন : *অপরিবর্তনীয়*
- ঈশ্বর যা চান তাই করতে পারেন : *সর্বশক্তিমান*
- ঈশ্বর সবকিছু দেখেন : *সর্বত্র বিরাজমান*
- ঈশ্বর তাঁর পুত্রকে পাঠিয়েছিলেন যাতে আমরা করুণা পেতে পারি : *প্রেম*
- ঈশ্বরের প্রকৃতিতে তিন ব্যক্তিসত্ত্বা রয়েছেন : *ত্রিত্ব*
- ঈশ্বরের সম্পূর্ণ নৈতিক সিদ্ধতা রয়েছে : *পবিত্র*
- ঈশ্বর কখনও কিছু শেখেন না : *সর্বজ্ঞ*
- ঈশ্বরের কাজ সবসময় পক্ষপাতশূন্য ও ন্যায্য হয় : *ধার্মিক*

পাঠ ৩
ত্রিত্ব

(১) মহাবিশ্ব কিভাবে ঈশ্বরের প্রকৃতিকে চিত্রিত করে?

মহাবিশ্বের তিনটি দিক রয়েছে -স্থান, সময় এবং পদার্থ।

(২) বাইবেলের কোন তিনটি ভিত্তিপ্রমাণের উপর ত্রিত্বের মতবাদটি গঠিত?

১। ঈশ্বর এক এবং অদ্বিতীয়।

২। পিতা, পুত্র এবং পবিত্র আত্মা সকলেই ঈশ্বর৷

৩। এই তিনটি একে অপরের সাথে স্বতন্ত্র ব্যক্তি হিসাবে সম্পর্কিত।

(৩) ত্রিত্বের মধ্যে সম্পর্কের গঠন কি?

পিতা মস্তক, তারপর পুত্র, তারপর আত্মা।

(৪) কীভাবে একটি পরিবার বা মণ্ডলীর গঠন ত্রিত্বের কাঠামোর সাথে তুলনীয়?

একটি পরিবার বা মণ্ডলীর সকল সদস্যের সমান মূল্য আছে, কিন্তু সকলের কর্তৃত্বের অবস্থান এক নয়।

(৫) ত্রিত্ববাদী হিসাবে, আমাদের কার কাছে প্রার্থনা করা উচিত?

- পিতার কাছে, আত্মায়, পুত্রের মাধ্যমে
- পিতার কাছে, পুত্রের কাছে এবং আত্মার কাছেও

(৬) ত্রিত্ব সম্পর্কে তিনটি সাধারণ ভুল তত্ত্বের নাম দিন।

- ঈশ্বর আসলে একজনই ব্যক্তি যিনি বিভিন্ন ভূমিকা পালন করেন।
- পিতা, পুত্র এবং পবিত্র আত্মা হলেন পৃথক পৃথক সত্তা।
- ত্রিত্বের একজন ব্যক্তি অন্যের তুলনায় নিকৃষ্ট।

পাঠ ৪

মনুষ্যত্ব

(১) আদিপুস্তক ১:২৬-২৭ পদ অনুসারে, মানুষ কিভাবে সৃষ্টির বাকি অংশ থেকে অনন্য?

তারা ঈশ্বরের প্রতিমূর্তিতে তৈরি।

(২) কোন তিনটে কারণে আমরা জানি যে মানুষের মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তিটি শারীরিক সাদৃশ্য নয়।

- হলেন আত্মা।
- কোনও ব্যক্তির মতো দেখতে ঈশ্বরের মূর্তি তৈরি করা প্রতিমাপূজা।
- মানুষকে শারীরিকভাবে পৃথিবীতে জীবনযাপনের জন্য তৈরি করা হয়েছে।

(৩) মানুষের মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তির সাতটি উপাদান তালিকাভুক্ত করুন। (যে কোন সাতটি)

- সৃজনশীল প্রবৃত্তি
- চিন্তা করার ক্ষমতা
- ভাব আদানপ্রদান করার ক্ষমতা
- সামাজিক প্রকৃতি
- নৈতিক বোধ
- বেছে নেবার ক্ষমতা
- অমরত্ব
- ভালবাসার ক্ষমতা
- উপাসনা করার সামর্থ্য

(৪) কোন দুটি কারণে আমরা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট হয়েছি?

- ঈশ্বরের সঙ্গে সম্পর্ক বজায় রাখার জন্য
- ঈশ্বরকে উপাসনা করার জন্য

(৫) নৈতিক বোধ থেকে কোন ক্ষমতা আসে?

সঠিক এবং ভুল ধারণা বোঝার ক্ষমতা

(৬) মানুষের প্রকৃত পছন্দ করার ক্ষমতা থাকার তাৎপর্য কী?

- আমরা ঈশ্বরের কাছে নিকাশ দিতে বাধ্য।
- আমরা অনুতপ্ত হতে এবং সুসমাচারে বিশ্বাস করার সিদ্ধান্ত নিতে পারি ।

পাঠ ৫
পাপ

(১) তিনটি কারণ তালিকাভুক্ত করুন যেগুলির জন্য আমাদেরকে পাপ সম্পর্কে বুঝতে হবে।

- পৃথিবীর পরিস্থিতি বোঝার জন্য।
- অনুগ্রহ ও পরিত্রাণ বোঝার জন্য।
- পবিত্রতা বোঝার জন্য।

(২) আমরা কিভাবে জানি যে পাপের জন্য ঈশ্বরের দায়ী নন?

ঈশ্বর সমস্তকিছু নিখুঁত ভাবে সৃষ্টি করেছিলেন, কোন ত্রুটি ছাড়াই।

(৩) প্রতিটির একটি বাক্যে সংজ্ঞা দিন: ইচ্ছাকৃত পাপ, উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত পাপ-প্রবৃত্তি এবং অনিচ্ছাকৃতভাবে লঙ্ঘন।

ইচ্ছাকৃত পাপ হল ঈশ্বরের জ্ঞাত ইচ্ছার উদ্দেশ্যমূলক লঙ্ঘন।

উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত পাপ-প্রবৃত্তি হল মানুষের নৈতিক স্বভাবের কলুষতা, যা তাকে জন্ম থেকেই পাপের প্রতি আকৃষ্ট করে।

অনিচ্ছাকৃত লঙ্ঘন হল এমন কাজ যা দুর্ঘটনাবশত অথবা অজ্ঞানতাবশত ঈশ্বরের বাক্যকে লঙ্ঘন করে।

(৪) কেন আমাদের ঈশ্বরের ইচ্ছাকে আরও ভালভাবে বুঝতে ও তা করতে চাওয়া উচিত?

- আমরা এমন কোনো কাজ করতে চাই না, যা ঈশ্বরকে অসন্তুষ্ট করে।
- অনিচ্ছাকৃত হলেও ভ্রষ্টাচরণের ফল ভোগ করতে হয়।
- খ্রিষ্টবিস্বাসী হিসেবে আমাদের উত্তম উদাহরণ স্থাপন করতে হবে।
- আমরা যদি ঈশ্বরের ইচ্ছাকে এড়িয়ে চলার চেষ্টা করি, তাহলে আমরা পাপের জন্য দোষী।

পাঠ ৬
আত্মা সকল

(১) কীভাবে আমরা জানি যে স্বর্গদূতদের সাধারণত শারীরিক দেহ থাকে না?

স্বর্গদূতেরা হল আত্মা।

(২) স্বর্গদূতদের কখন সৃষ্টি করা হয়েছিল?

মানুষ সৃষ্টির আগে

(৩) স্বর্গদূতেরা কি মারা যায়?

দূতেরা কখনও মরে না।

(৪) চারটি উপায়ের নাম বলুন যাতে আমরা জানি স্বর্গদূতদের ব্যক্তিত্ব আছে।

- তারা কথা বলতে ও কথোপকথন করতে পারে
- তারা ঈশ্বরের আরাধনা করে
- তাদের আবেগ রয়েছে।
- তাদের বুদ্ধিগত ক্ষমতা রয়েছে।

(৫) স্বর্গদূতদের বোঝাতে বাইবেলে ব্যবহৃত চারটে শব্দের নাম লিখুন।

- করূব
- সরাফ
- প্রধান স্বর্গদূত
- আত্মাগণ

(৬) যারা ঈশ্বরের সেবা করে তাদের জন্য স্বর্গদূতেরা কী করে?

তারা ঘিরে রাখে এবং তাদের রক্ষা করে

(৭) মন্দ আত্মাদের উৎপত্তি কোথায়?

ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল।

(৮) একজন প্রতিমাপূজক প্রকৃতপক্ষে কিসের উপাসনা করেন?

ভূতগণ / আত্মাগণ

(৯) শয়তান ও অন্যান্য মন্দ আত্মাদের অন্তিম পরিণতি কী?

অগ্নি হ্রদ

(১০) আধ্যাত্মিক আক্রমণ থেকে নিজেদেরকে রক্ষা করার জন্য বিশ্বাসীদের অবশ্যই কী করতে হবে?

আধ্যাত্মিক যুদ্ধসজ্জা পরিধান করুন (ইফিষীয় ৬:১১)।

পাঠ ৭
খ্রিষ্ট

(১) মসীহের কাজের অগ্রাধিকার কি ছিল?

তাঁর লোকেদের পাপ থেকে উদ্ধার করা

(২) প্রাচীন মণ্ডলী 'যিশু হলেন প্রভু' কথাটি ব্যবহার করে কি বোঝাতে চেয়েছিল?

তিনি সকলের প্রভু, সৃষ্টিকর্তা এবং বিশ্বব্রহ্মাণ্ডের ঈশ্বর।

(৩) যিশু এক অনন্য উপায়ে কিভাবে 'ঈশ্বরের পুত্র'?

তিনিই একমাত্র সত্তা যিনি সম্পূর্ণরূপে পিতার প্রকৃতির অংশীদার।

(৪)মানব দেহধারণ কি?

ঈশ্বর মানুষের দেহ গ্রহণ করে একজন মানুষ হওয়া।

(৫) তিনটি কারণ তালিকাভুক্ত করে দেখান কেন এটা গুরুত্বপূর্ণ যে যিশু একজন মানুষ।

- তিনি বলিদান হিসেবে কষ্টভোগ করতে এবং মৃত্যুবরণ করতে পারেন।
- তাঁর ধার্মিকতা আমাদের ধার্মিক করতে এবং আমাদের জীবন দিতে পারে।
- তিনি আমাদের যাজক হয়ে ঈশ্বরের কাছে আমাদের প্রতিনিধিত্ব করতে পারেন।

(৬) কেন আমাদের জন্য এটা জানা গুরুত্বপূর্ণ যে যিশু ঈশ্বর? এর তিনটি কারণ তালিকাভুক্ত করুন।

- তাঁর বলিদানের মৃত্যুর মূল্য অসীম।
- আমাদের উদ্ধার করার ক্ষমতা তাঁর রয়েছে।
- পিতাকে উপাসনা করার সাথে সাথে আমাদের অবশ্যই তাঁকে উপাসনা করতে হবে।

(৭) কোন দুটি কারণে বলিদান করা আবশ্যক ছিল?

- ঈশ্বর যেন আমাদের ক্ষমা করেন এবং তবুও ন্যায়পরায়ণ ও পবিত্র থাকেন
- পাপ একটি অতি গুরুতর বিষয়

(৮) যিশু কেন অন্য কোন উপায়ের পরিবর্তে ক্রুশে মারা গেলেন?

এটি দেখায় যে ক্রুশবিদ্ধ হয়ে তিনি ঈশ্বরের অভিশাপ নিজের উপর নিয়েছিলেন

(৯) যিশুর শারীরিক পুনরুত্থান তাৎপর্যপূর্ণ ছিল এমন তিনটি কারণ তালিকাভুক্ত করুন।

- এটি পাপ এবং মৃত্যুর উপর তাঁর সম্পূর্ণ বিজয় প্রদর্শন করেছিল।
- এটি প্রমাণ করেছিল তিনি নিজেকে যা দাবি করেছিলেন তিনি তাই-ই ছিলেন।
- এটি আশ্বস্ত করে যে আমরাও মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হব।

পাঠ ৮
পরিত্রাণ

(১) কেন অনেক মানুষের কাছে ক্রুশ একটি অমর্যাদার বিষয়?

ক্রুশের অর্থ হল তারা পাপী এবং তাদের ক্ষমার প্রয়োজন।

(২) এমন চারটি বিষয় তালিকাভুক্ত করুন যেগুলি প্রত্যেক অনুতাপহীন পাপী সম্বন্ধে সত্য।

- সে অনেক পাপ কাজের জন্য দোষী।
- সে ঈশ্বরের শত্রু।
- সে তার আকাঙ্ক্ষায় কলুষিত।
- সে তার অবস্থা পরিবর্তন করতে শক্তিহীন।

(৩) প্রায়শ্চিত্ত ছাড়া ক্ষমা করলে কেন ঈশ্বরকে অসম্মান হবে?

এটা মনে হবে যে, ঈশ্বর অন্যায্য এবং এমনকি তিনি অপবিত্র।

(৪) কোন দুটি উপায়ে যিশু অনন্যভাবে বলিদান হওয়ার যোগ্য হয়েছিলেন?

- তিনি পাপহীন ছিলেন।
- তিনি ছিলেন ঈশ্বর ও মানুষ উভয়ই।

(৫) একজন অনুতপ্ত পাপীর দৃষ্টিভঙ্গি কেমন থাকে?

- সে নিজেকে দোষী ও শাস্তির যোগ্য হিসেবে দেখে।
- সে তার পাপ থেকে দূরে সরে যেতে ইচ্ছুক।

(৬) একজন ব্যক্তির যদি ত্রাণকারী-বিশ্বাস থাকে, তা হলে তিনি কী বিশ্বাস করেন?

- নিজেকে ধার্মিক প্রতিপন্ন করার জন্য সে কিছুই করতে পারে না।
- খ্রিষ্টের বলিদান তার ক্ষমার জন্য যথেষ্ট।
- যিশু পাপ ও মৃত্যু জয় করে পুনরুত্থিত হয়েছেন।
- একমাত্র বিশ্বাসের শর্তে ঈশ্বর তাকে ক্ষমা করেন।

(৭) কীভাবে একজন ব্যক্তি নিশ্চিত হতে পারেন যে তিনি পরিত্রাণ পেয়েছেন?

- সত্যিই অনুতপ্ত হন
- শাস্ত্রে ঈশ্বরের প্রতিজ্ঞার ওপর নির্ভর করেন
- আত্মার সাক্ষ্য গ্রহণ করেন

পাঠ ৯
পরিত্রাণের বিষয় সকল

(১) ১ যোহনের অন্যতম মুখ্য বিষয়বস্তু কি?

পরিত্রাণের বিষয়ে ব্যক্তিগত নিশ্চয়তা

(২) ১ম যোহনের পত্রে বিশ্বাসীর কোন বৈশিষ্টের উপর সবচেয়ে বেশি জোর দেওয়া হয়েছে?

পাপের উপর বিজয়

(৩) ১ করিন্থীয় ১০:১৩ পদ থেকে আমরা কোন চারটি বিষয় জানতে পারি?

- আমাদের মানবতার কারণে প্রলোভন আসে।
- ঈশ্বর আমাদের সহ্যের সীমা জানেন।
- ঈশ্বর আমাদের কাছে আসা প্রলোভনগুলিকে সীমিত করেন।
- জয়ের জন্য আমাদের যা কিছু প্রয়োজন ঈশ্বর তা জোগান।

(৪) কীভাবে একজন বিশ্বাসী ক্রমাগতভাবে খ্রিস্টে থাকতে পারে?

খ্রিষ্টের আজ্ঞাসকল পালন করে

(৫) কীভাবে আমরা খ্রিস্টের সঙ্গে এক পরিত্রাণমূলক সম্পর্ক বজায় রাখি?

ঈশ্বরের উপর নির্ভর করা ও বাধ্য হওয়ার মাধ্যমে

পাঠ ১০
পবিত্র আত্মা

(১) পবিত্র আত্মার প্রতি প্রাচীন মন্ডলীর প্রতিক্রিয়ার তিনটি বৈশিষ্ট্য তালিকাভুক্ত করুন।

- তারা পবিত্র আত্মাকে ঈশ্বর হিসাবে সম্মান করেছিল।
- তারা পবিত্র আত্মার উপস্থিতি, নির্দেশনা এবং কার্যকলাপ সম্পর্কে সচেতন ছিল।
- তারা পবিত্র আত্মার উপর তাদের নির্ভরতা এবং তাঁর প্রতি সাড়া দেওয়ার বিষয়ে তাদের দায়িত্ব উপলব্ধি করেছিল।

(২) আমরা কিভাবে জানি যে পবিত্র আত্মা একজন ব্যক্তি?

তাঁর মন, ইচ্ছা ও আবেগ রয়েছে।

(৩) আমরা যে পাঁচটি উপায়ে জানি যে পবিত্র আত্মা হল ঈশ্বর, সেগুলির তালিকা তৈরি করুন।

- তিনি সব কিছু জানেন।
- তিনি সর্বত্র বিদ্যমান।
- তাঁর সমস্ত ক্ষমতা আছে।
- তাঁকে নিন্দা করা যেতে পারে।
- তিনি অনন্ত।

(৪) পবিত্র আত্মার নয়টি ক্রিয়াকলাপের একটি তালিকা প্রস্তুত করুন। (যে কোন নয়টি)

- তিনি পাপকে দোষী সাব্যস্ত করেন।
- তিনি পুনর্জীবন দেন, পাপে মৃত ব্যক্তিকে জীবন দান করেন।
- তিনি বিশ্বাসীকে ব্যক্তিগত আশ্বাস দেন যে সে পরিত্রাণ পেয়েছে।
- তিনি প্রত্যেক বিশ্বাসীর মধ্যে বাস করেন।
- তিনি ঈশ্বরের সত্য সম্বন্ধে বোধগম্যতা প্রদান করেন।
- তিনি বিশ্বাসীদের বিশেষ পরিচর্যার জন্য আহ্বান করেন এবং পরিচর্যায় সিদ্ধান্ত নেওয়ার জন্য নির্দেশনা দেন।
- তিনি বিশ্বাসীদের পবিত্র করণ করেন, পবিত্র করার জন্য তার হৃদয়কে পরিশুদ্ধ করেন।
- তিনি পাপের বিরুদ্ধে জয়ী হওয়ার জন্য শক্তি প্রদান করেন।
- তিনি বিশ্বাসীদের জীবনে আধ্যাত্মিক ফল উৎপন্ন করেন।
- তিনি পরিচর্যার জন্য বরদান প্রদান করেন।
- তিনি পরিচর্যার জন্য ক্ষমতার বিশেষ অভিষেক দেন।
- তিনি বিশ্বাসীকে ঈশ্বরের ইচ্ছা অনুযায়ী প্রার্থনা করতে সাহায্য করেন।
- তিনি মন্ডলীর ঐক্য এবং সহভাগিতা সৃষ্টি করেন।

(৫) আমাদের জীবনে তাঁর কাজের জন্য পবিত্র আত্মার সর্বোচ্চ অগ্রাধিকার কী?

পাপের উপর আমাদের বিজয় প্রদান করা এবং আমাদের হৃদয়কে শুচি করা

পাঠ ১১
খ্রিষ্টীয় পবিত্রতা

(১) *পবিত্র* শব্দের মূল অর্থ কি?

কোন উদ্দেশ্যের প্রতি নিবেদিত বা উৎসর্গীকৃত করা।

(২) ঈশ্বরের কাছে পবিত্র হওয়ার অর্থ কি?

ঈশ্বর তাঁর ঐশ্বরিক ব্যক্তিত্ব এবং পদের জন্য যে কোন পাপ, অশুচিতা, প্রচলিত, সাধারণ বা অনুপযুক্ত।

(৩) পবিত্রতা কেন উপাসনার জন্য গুরুত্বপূর্ণ?

- আমরা ঈশ্বরকে ভালোবাসি এবং তাঁর মতো হতে চাই।
- আমরা ঈশ্বরকে ভালোবাসি এবং তাঁকে খুশি করতে চাই।

(৪) খ্রিস্টীয় পবিত্রতা কখন থেকে শুরু হয়?

যখন একজন ব্যক্তি পরিত্রাণ পান

(৫) দীপ্তিতে চলার অর্থ কি?

তাঁর সত্য সম্বন্ধে আমরা যত বেশি শিখি, ততই তাঁর বাধ্য থাকা

(৬) পবিত্রীকরণের আজীবন প্রক্রিয়া চলাকালীন একজন বিশ্বাসীর কি ঘটে?

বিশ্বাসী ক্রমান্বয়ে জগৎ থেকে বিচ্ছিন্ন হয় এবং ঈশ্বরের প্রতি ক্রমবর্ধমানভাবে উৎসর্গীকৃত হয়।

(৭) উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত পাপ-প্রবৃত্তি কি?

একজন ব্যক্তির নৈতিক স্বভাবের কলুষতা যা তাকে জন্ম থেকেই পাপের দিকে প্ররোচিত করে।

(৮) প্রভু যখন ফিরে আসবেন তখন একজন বিশ্বাসী কিভাবে দেহ, প্রাণ ও আত্মায় নির্দোষ হতে পারে?

সম্পূর্ণরূপে পবিত্রীকৃত হয়ে।

পাঠ ১২
মন্ডলী

(১) কখন মন্ডলীর যুগ শুরু হয়েছিল?

পঞ্চাশত্তমীর দিনে

(২) কেন মন্ডলীকে প্রেরিতিক বলা যেতে পারে?

কারণ প্রেরিতদের শিক্ষাই ছিল মন্ডলীর ভিত্তিগত মতবাদ

(৩) মন্ডলীর উৎপত্তির চারটি দিক কী কী?

- যিশুর পরিচর্যা
- খ্রিষ্টের জোগানো পরিত্রাণ
- পঞ্চাশত্তমীর দিনের ঘটনা
- প্রেরিতিক মতবাদের বিকাশ

(৪) সার্বজনীন মন্ডলী কে?

সকল সময় ও স্থানে সমস্ত বিশ্বাসীরা

(৫) স্থানীয় মন্ডলী কী?

একটি স্থানে বিশ্বাসীদের একটি সম্প্রদায় যারা একত্রে খ্রিষ্টের দেহের কাজ করে।

(৬) 'ক্যাথলিক মন্ডলী' বলতে মূলত কী বোঝায়?

সার্বজনীন মন্ডলী, বা বিশ্বব্যাপী মন্ডলী যার মধ্যে সকল প্রকৃত খ্রিস্টবিশ্বাসী অন্তর্ভুক্ত

(৭) কোন দুটি বিষয়ের দ্বারা সার্বজনীন মন্ডলী একতাবদ্ধ?

- প্রেরিতদের মতবাদ (শিক্ষা)
- খ্রিষ্টের সঙ্গে এক রূপান্তরকারী সম্পর্ক

(৮) কেন একটি মন্ডলী পক্ষে তাদের মতবাদগুলির একটি লিখিত বিবৃতি থাকা উত্তম?

এটি দেখায় কোন মতবাদগুলি সেই বিশ্বাসী দলকে ঘনিষ্ঠ ও নিয়মিত উপাসনা এবং পরিচর্যার জন্য একতাবদ্ধ করে

(৯) স্থানীয় মন্ডলীর ছয়টি উদ্দেশ্যের তালিকা প্রস্তুত করুন। (যে কোন ছয়টি)

- সুসমাচার প্রচার করা
- মণ্ডলীগত ভাবে উপাসনা করা
- মতবাদ বজায় রাখা
- আর্থিকভাবে পালকদের সাহায্য করা
- মিশনারীদের পাঠানো ও সমর্থন করা
- অভাবী সদস্যদের সাহায্য করা
- যে সদস্যরা পাপ করে, তাদেরকে শাসন করা
- বাপ্তিস্ম ও প্রভুর ভোজ অভ্যাস করা
- পরিপক্বতার জন্য বিশ্বাসীদের শিষ্য করা
- সমাজের প্রয়োজনগুলি পূরণ করা

পাঠ ১৩
অনন্তকালীন পরিণতি

(১) স্বর্গের প্রাথমিক কাজ কি?

উপাসনা

(২) এমন চারটি বিষয় তালিকাভুক্ত করুন, যেগুলি স্বর্গে থাকবে না। (যে কোন চারটি)

- পাপ
- বেদনা
- দুঃখ
- দ্বন্দ্ব / সংঘাত
- বিপদ
- অসুস্থতা
- বার্ধক্য
- মৃত্যু

(৩) কারা স্বর্গে যাবে?

যারা পাপের জন্য অনুতপ্ত হয় এবং যিশুখ্রিষ্টকে পরিত্রাতা ও প্রভু হিসাবে বিশ্বাস করে

(৪) বিশ্বাসীরা কখন স্বর্গে যায়?

মৃত্যুতে বা যিশুর পুনরাগমনে

(৫) নরক সম্বন্ধে বাইবেল আমাদের কোন তিনটে বিষয় জানায়?

- এটি অনন্ত ।
- এটি অপরিবর্তনীয়।
- এটি নিদারুণ যন্ত্রণাদায়ক।

(৬) একজন ব্যক্তির তার হাত কেটে ফেলা উচিত বলতে যিশু কি বুঝিয়েছিলেন? (মথি ৫:৩০)

পাপ ও নরকের দিকে পরিচালিত করে এমন যে কোন কাজ থেকে বিরত থাকুন।

(৭) নরক অনন্তকালস্থায়ী। এর তিনটি কারণ তালিকাভুক্ত করুন।

- পাপ হল অনন্ত ঈশ্বরের বিরুদ্ধে একটি অপরাধ।
- পাপীরা ঈশ্বরকে সেই অনন্তকালীন সেবা দিতে অস্বীকার করে, যা জন্য তারা তাঁর কাছে ঋণী।
- আমরা শাশ্বত প্রাণী, যদি আমরা ঈশ্বরের কাছ থেকে বিচ্ছিন্নতা বেছে নিই তা হলে আমাদের অন্য কোথাও যাওয়ার জায়গা নেই।

পাঠ ১৪
অন্তিম ঘটনাবলী

(১) বাইবেলের ভবিষ্যদ্বাণীতে দেওয়া অন্তিম ঘটনাগুলি সম্পর্কে চারটি প্রয়োজনীয় সত্য কি কি?

- যিশুর দৈহিক পুনরাগমন
- সকল মানুষের দৈহিক পুনরুত্থান
- বিচার
- ঈশ্বরের অনন্তকালীন রাজত্ব

(২) যিশু যখন ফিরে আসবেন তখন খ্রিষ্টবিশ্বাসীদের কি হবে?

- যারা মারা গেছেন, তাদের পুনরুত্থিত করা হবে।
- সকল খ্রিষ্টবিশ্বাসী প্রভুর সঙ্গে মিলিত হবার জন্য উত্থিত হবে।

(৩) যিশুর আগমনের জন্য আমাদের কিভাবে অপেক্ষা করা উচিত?

- চিরন্তন অগ্রাধিকারগুলি বজায় রাখার দ্বারা।
- পবিত্রতায় জীবনযাপন করার মাধ্যমে।
- প্রার্থনার মাধ্যমে নিজেদেরকে আধ্যাত্মিকভাবে রক্ষা করে।

(৪) পুনরুত্থানের মতবাদটি অপরিহার্য কেন?

- যিশু মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হয়েছেন।
- সমস্ত মানুষ উত্থাপিত হবে।
- দেহের চিরন্তন মূল্য রয়েছে।
- সুসমাচার সত্য।

(৫) কোন চারটি বিষয় বোঝার জন্য আমাদের বিচার সম্বন্ধে জানতে হবে?

১। পাপের তাৎপর্য

২। ঈশ্বরের কাছে আমাদের জবাবদিহিতা

৩। আমাদের পছন্দগুলির গুরুত্ব

৪। সমস্ত পাপের পরিসমাপ্তি

পাঠ ১৫
প্রাচীন বিশ্বাসসূত্র

(১) বিশ্বাসসূত্র কি?

বিশ্বাসসূত্র হল অপরিহার্য খ্রিষ্টীয় বিশ্বাসের সংক্ষিপ্তসার।

(২) যিশু সম্পর্কে প্রথম মতবাদের দুটি বিবৃতির উল্লেখ করুন।

- যিশু হলেন প্রভু
- প্রভু যিশু খ্রিষ্ট

(৩) সর্বপ্রথম যে বিশ্বাসসূত্র বেশ কয়েকটি বিবৃতি দেয়, তা শাস্ত্রের কোথায় রয়েছে?

১ তীমথিয় ৩:১৬

(৪) প্রৈরিতিক বিশ্বাসসূত্রটির উদ্দেশ্য কি ছিল?

প্রেরিতদের শিক্ষাগুলি প্রকাশ করার জন্য

(৫) নিসিয় বিশ্বাসসূত্রটির উদ্দেশ্য কি ছিল?

খ্রিষ্টের ঈশ্বরত্বে এবং পবিত্র আত্মার শিক্ষাগুলি রক্ষা করা।

(৬) চালসিডোনিয় বিশ্বাসসূত্রটির উদ্দেশ্য কি ছিল?

খ্রিষ্টের মানব দেহধারণ মতবাদটি রক্ষা করা।

খ্রিষ্টকেন্দ্রিক। প্রশিক্ষণ। সর্বত্র।

shepherds
GLOBAL CLASSROOM

SHEPHERDSGLOBAL.ORG